

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, বগুড়া
জুডিশিয়াল মুন্সিখানা শাখা
www.bogra.gov.bd



স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০১১.১৩.০০১.২২.৮১৫

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯

০৫ সেপ্টেম্বর ২০২২

বিষয়: মৎস্য হ্যাচারি আইন, ২০১০ বাস্তবায়নে ভ্রাম্যমান আদালত পরিচালনা জোরদারকরণ প্রসংগে।

সূত্র: জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, বগুড়া এর ২৩/০৮/২০২২ খ্রিস্টাব্দ তারিখের ৩২৮ নং স্মারকপত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকপত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার বিভিন্ন উপজেলায় ১২৩ টি বেসরকারী মৎস্য হ্যাচারী এর দপ্তর থেকে নিবন্ধন গ্রহণপূর্বক মাছের রেণু উৎপাদন ও বিপণন করছে। মৎস্য হ্যাচারি আইন, ২০১০ এর ৪ এর উপ-ধারা (৪) অনুযায়ী মৎস্য হ্যাচারি নিবন্ধন গ্রহণের তারিখ হতে এক বৎসর পূর্ণ হওয়ার ৩০ (ত্রিশ) দিন পূর্বে বাৎসরিক ভিত্তিতে নির্ধারিত পদ্ধতিতে ও ফি পরিশোধ সাপেক্ষে, প্রতিবৎসর নবায়ন করার বিধান রয়েছে। কিন্তু নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হয়ে গেলেও হ্যাচারি মালিক/পরিচালনাকারীদের মধ্যে এক ধরনের অনীহা পরিলক্ষিত হচ্ছে যা থেকে সরকার তার প্রাপ্য রাজস্ব আয় থেকে বঞ্চিত হচ্ছে। বিধায় মৎস্য হ্যাচারি আইন, ২০১০ বাস্তবায়নে হ্যাচারিগুলোতে ভ্রাম্যমান আদালত পরিচালনা জোরদারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

এমতাবস্থায় মৎস্য হ্যাচারি আইন, ২০১০ বাস্তবায়নে হ্যাচারিগুলোতে ভ্রাম্যমান আদালত পরিচালনা জোরদারকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : ০১ (এক) পাতা।

৫-৯-২০২২

জান্নাতুল নাইম

সহকারী কমিশনার

ফোন: ০২৫৮৯৯০০০২০

ফ্যাক্স: ০৫১৬১০৬০

ইমেইল: dcbogura@mopa.gov.bd

বিতরণ :

- ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া
- ২) সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।


স্মারক নম্বর: ০৫.৫০.১০০০.০১১.১৩.০০১.২২.৮১৫/১(৩)

তারিখ: ২১ ভাদ্র ১৪২৯

০৫ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতির/অবগতির জন্য :

- ১) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া
- ২) সহকারী কমিশনার (গোপনীয়), জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৩) অফিস কপি



৫-৯-২০২২

জান্নাতুল নাইম
সহকারী কমিশনার